পাগলা মসজিদ ও ইসলামিক কমপ্লেক্স
হারুয়া, কিশোরগঞ্জ
www.paglamosque.org

স্মারক নম্বর ঃ পাম ও ইক-০৬

তারিখ : ০৫ মাঘ ১৪৩২
১৯ জানুয়ারি ২০২৬

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

কিশোরগঞ্জ জেলার পাগলা মসজিদ ও ইসলামিক কমপ্লেক্স, কিশোগরঞ্জ এ নিম্নবর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | বয়স | মাসিক সম্মানী (সর্বসাকূল্যে) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | পেশ ইমাম | ০১ জন | নূন্যতম ৩২ বছর | আলোচনা সাপেক্ষে | (ক) দ্বিতীয় শ্রেণির দাওরায়ে হাদিস/কামিল ডিগ্রি পাস। কোনো প্রতিষ্ঠানে ইমাম, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত -এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত ।<br>(গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।<br>(ঘ) তাখাসসুস ফিল ফিকহ (০২ বছর মেয়াদী কোর্স সম্পন্ন)। |
| ০২ | সহকারী ইমাম | ০১ জন | নূন্যতম ৩০ বছর | আলোচনা সাপেক্ষে | (ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রি/দাওরায়ে হাদিস পাস। কোন মসজিদের ইমাম হিসেবে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত -এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত।<br>(গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০৩ | মুহতামীম (আবাসিক) | ০১ জন | নূন্যতম ৩৫ বছর | আলোচনা সাপেক্ষে | (ক) দাওরায়ে হাদিস।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত -এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত।<br>(গ) হুফফাজুল কুরআন এ (কমপক্ষে ৪৫ দিন) প্রশিক্ষণ প্রাপ্ত।<br>(ঘ) মুহতামীম হিসেবে কমপক্ষে পাঁচ বছরের অভিজ্ঞতা। |
| ০৪ | সহকারী শিক্ষক (সাধারণ) কাম কম্পিউটার অপারেটর (অনাবাসিক) | ০১ জন | সর্বোচ্চ ৩০ বছর | আলোচনা সাপেক্ষে | (ক) এইচএসসি অথবা সমমান।<br>(খ) সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে তিন মাস কম্পিটার প্রশিক্ষণ সনদপ্রাপ্ত।<br>(গ) কম্পিউটার টাইপিং এর ক্ষেত্রে এমএস ওয়ার্ড, ডাটা এন্ট্রি ইত্যাদি ক্ষেত্রে নিম্নরূপ গতি থাকতে হবে-<br><br>* বাংলায় প্রতি মিনিটে কমপক্ষে ১৫ শব্দ<br>* ইংরেজি প্রতি মিনিটে কমপক্ষে ২০ শব্দ |

**শর্তাবলীঃ**

০১। পেশ ঈমাম পদে নির্বাচিত প্রার্থীকে খতিবের অনুপস্থিতিতে বা অসুস্থতা বা অব্যাহতি বা অপসারণজনিত কারণে খন্ডকালীন খতিবের দায়িত্ব আব্যশ্যিকভাবে পালন করতে হবে।

০২। সহকারী ইমাম পদে নির্বাচিত প্রার্থীকে পেশ ইমামের অনুপস্থিতিতে বা অসুস্থতা বা অব্যাহতি বা অপসারণজনিত কারণে খন্ডকালীন পেশ ইমামের দায়িত্ব আব্যশ্যিকভাবে পালন করতে হবে।

০৩। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

০৪। আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা(ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা উল্লেখপূর্বক স্ব-হস্তে সাদা কাগজে আবেদন করতে হবে ও মোবাইল নম্বর দিতে হবে।

০৫। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে।

CamScanner

ক) পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ০৩ (তিন) কপি।
গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

০৬। আবেদনপত্র অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ ও আহ্বায়ক, নিয়োগ উপকমিটি, পাগলা মসজিদ ও ইসলামিক কমপ্লেক্স, কিশোরগঞ্জ বরাবর আগামী ০৯/০২/২০২৬ ইং তারিখ বিকাল ০৫: ০০ ঘটিকার মধ্যে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ এর গোপনীয় সহকারী জনাব তানিম হোসাইন (মোবাইল: ০১৯১৯-২১২০৮৯), জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ এর নিকট সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিজনিত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

০৭। বাছাইকৃত প্রার্থীদের নিয়োগ পরীক্ষা (লিখিত ও মৌখিক) ১৫/০২/২০২৬ ইং তারিখ সকাল ৯:৩০ ঘটিকায় জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ এর সম্মেলন কক্ষে (নিচ তলায়) অনুষ্ঠিত হবে।

০৮। মৌখিক পরীক্ষার বোর্ডে সকল শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি আব্যশিক ভাবে প্রদর্শন করতে হবে।

০৯। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে ১০০/-(একশত) টাকা মূল্যের অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ ও আহ্বায়ক, নিয়োগ উপকমিটি, পাগলা মসজিদ ও ইসলামিক কমপ্লেক্স, কিশোরগঞ্জ বরাবরে দাখিল করতে হবে।

১০। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না। একাধিক পদে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১। যেসকল প্রার্থী ইতঃপূর্বে আবেদন করেছেন তাদের যোগ্যতা অনুযায়ী পুনরায় আবেদন করতে হবে।

১২। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৩। কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে বিষয়টি প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করতঃ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৫। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে শারীরিক সুস্থ্যতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।

১৬। আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশে পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯/০১/২০২৬

মোঃ এরশাদুল আহমেদ
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ
ও
আহ্বায়ক
নিয়োগ উপকমিটি, পাগলা মসজিদ ও ইসলামিক কমপ্লেক্স
কিশোরগঞ্জ

CamScanner